সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪১৮

১৬/ রক্তপণ (كتاب الديات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিজ দাসকে হত্যা করে।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَقْتُلُ عَبْدَهُ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ قَتَلَ عَبْدَهُ قَتَلْنَاهُ وَمَنْ جَدَعَ عَبْدَهُ جَدَعْنَاهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ وَقَدْ ذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ مِنْهُمْ إِبْرَاهِيمُ النَّخَعِيُّ إِلَى هَذَا وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْهُمُ الْحَسَنُ الْبَصْرِيُّ وَعَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ لَيْسَ بَيْنَ الْحُرِّ وَالْعَبْدِ قِصَاصٌ فِي النَّفْسِ وَلاَ فِيمَا دُونَ النَّفْسِ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمْ إِذَا قَتَلَ عَبْدَهُ لاَ يُقْتَلُ بِهِ وَإِذَا قَتَلَ عَبْدَ غَيْرِهِ قُتِلَ بِهِ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوفَةِ .

বাংলা

১৪১৮. কুতায়বা (রহঃ) ...... সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি তার দাসকে হত্যা করে আমরা তাকে হত্যা করব; কেউ তার দাসের নাক-কান কেটে দিলে আমরা তার নাক-কান কেটে দিব। - ইবনু মাজাহ ২৬৬৩, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪১৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-গারীব। ইবরাহীম নাখঈসহ কতক তাবিঈর মাযহাব এ হাদীস অনুসারে। হাসান বসরী ও আতা ইবনু আবূ রাবাহ (রহঃ) সহ কতক আলিম বলেন, স্বাধীন ও দাসের মধ্যে কিসাস নাই। জানের বদলে এ অঙ্গহানীর ব্যাপারেও নয়। কতক আলিম বলেনঃ যদি নিজ দাসকে হত্যা করে তবে এর বদলায় তাকে হত্যা করা যাবে না কিন্তু অন্যের দাসকে হত্যা করলে তাকে তার বদলে হত্যা করা যাবে। এ হল সুফইয়ান ছাওরী (রহঃ) এর অভিমত।

English

Narrated Samurah:
that the Messenger of Allah (ﷺ) said: "Whoever kills his slave, then we will kill him, and whoever maims his slave, then we will maim him."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21836

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন